

প্রকাশ : ২ মে, ২০১৬ ১১:৫২

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

কারওয়ান বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ড, পুড়ল ২০০ দোকান

| অনলাইন ডেস্ক



রাজধানীর কারওয়ান বাজারের হাসিনা মার্কেটে রবিবার রাতের অগ্নিকাণ্ডে অন্তত ২০০ দোকান পুড়ে গেছে। জনতা টাওয়ারের পেছনের টিনশেডের এই দোতলা মার্কেটে পুড়ে যাওয়া এই দোকানগুলোর অধিকাংশই ছিল মসলার আড়ৎ।

মার্কেটের একটা বড় অংশে ছিল আদা, রসুন, পিঁয়াজ, মরিচের আড়ৎ। হলুদ-মরিচ গুঁড়া করার কিছু মিলও ছিল। পাশাপাশি লেপ তোষকের দোকান এবং খাবার দোকানও ছিল সেখানে।

রাত সাড়ে ৯টায় প্রায় দুই ঘণ্টার চেপ্টায় আগুন নেভানোর পর ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক সাংবাদিকদের বলেন, “এখানে ১৮৬টি দোকান স্থায়ী বরাদ্দ ছিল। আরও কিছু অস্থায়ী বরাদ্দ ছিল। সব পুড়ে গেছে।”

ফায়ার সার্ভিসের ২৫টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করে। আগুনে ক্ষতিগ্রস্ত এই বাজারটি পরিকল্পিতভাবে গড়ে তোলার কাজে হাত দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন মেয়র আনিসুল হক। তিনি বলেন, “৮ মাস আগে দোকান মালিকদের সঙ্গে নেগোশিয়েট করেছি। আশা করি, যাত্রাবাড়ী ও আমিনবাজারের মতো কারওয়ান বাজারকেও সুন্দর মার্কেটে রূপ দিতে পারব।”

বিডি-প্রতিদিন/০২ মে, ২০১৬/আফরোজ